আমাদেরসময়

তারিখ 19 JAN 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

# জামেয়ায় মহিলা মাদ্রাসা নির্মাণে ১২ কোটি টাকা অনুদান দেবে পিএইচপি

নিজস্ব প্রতিবেদক ●

আনজুমান-এ-রাহমানিয়া আহমদিয়া সুন্নিয়া ট্রাস্ট পরিচালনাধীন জামেয়া আহমদিয়া সুন্নিয়া মহিলা মাদ্রাসার নতুন একাডেমিক ভবন নির্মিত হচ্ছে। এতে ব্যয় হবে আনুমানিক ১২ কোটি টাকা। অনুদান হিসেবে এর পুরো ব্যয় নির্বাহ করবে পিএইচপি ফ্যামিলির সূফী মিজান ফাউন্ডেশন। পিএইচপির কর্ণধার আলহাজ সূফী মুহাম্মদ মিজানুর রহমান এ ঘোষণা দিয়েছেন। ইতোপূর্বে কোটি টাকা ব্যয়ে নির্মিত মাদ্রাসার মূল একাডেমিক ভবনটিও পিএইচপি পরিবারের অনুদানে নির্মিত হয়।

রোববার বেলা ১১টা ৩০ মিনিটে গাউসে জমান রাহনুমায়ে শরীয়ত ও তরীকৃত এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## জামেয়ায় মহিলা মাদ্রাসা নির্মাণে ১২ কোটি

(৩ এর পৃষ্ঠার পর) মুর্শিদে বরহক আল্লামা আলহাজ সৈয়দ মুহাম্মদ তাহির শাহ (মদ্দাজিল্লুহুল আলী) ও শাহজাদা হুজুর আল্লামা আলহাজ সৈয়দ মুহাম্মদ হামিদ শাহ (মদ্দাজিল্লুহুল আলী) দোয়া ও মোনাজাতের মাধ্যমে মহিলা মাদ্রাসাটির ভবনের ভিত্তি স্থাপন করেন। এর আগে সূফী মুহাম্মদ মিজানুর রহমান পুষ্পস্তবক দিয়ে হুজুর কিবলাকে অভ্যর্থনা জ্ঞাপন করেন।

এ সময় আনজুমান ট্রাস্টের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট আলহাজ মোহাম্মদ মহসিন, সেক্রেটারি জেনারেল আলহাজ মোহাম্মদ আনোয়ার হোসেন, আলহাজ মোহাম্মদ শামশুদ্দিন, আলহাজ সিরাজুল হক, আলহাজ সিরাজুল হক, গিয়াস উদ্দীন মোহাম্মদ শাকের, প্রফেসর আলহাজ কাজী সামসুর রহমান, জামেয়া প্রফেসর আলহাজ মোহাম্মদ দিদারুল ইসলাম, আলহাজ মুফতি ওবাইদুল হক নঈমী, আলহাজ নূর মোহাম্মদ কন্ট্রাক্টর, আলহাজ নূরুল আমিন, আলহাজ পেয়ার মোহাম্মদ কমিশনার, আলহাজ মাহবুবে এলাহী, অ্যাডভোকেট মোছাহেব উদ্দীন বখতিয়ার, মহানগর সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ সাদেক হোসেন পাপ্পু এবং মহিলা মাদ্রাসার অধ্যক্ষ ড. মোহাম্মদ সরওয়ার উদ্দীনসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

আল্লামা আলহাজ সৈয়দ মুহাম্মদ তাহির শাহ মদ্দাজিল্লুহুল আলী বলেন, যারা জনকল্যাণমূলক কাজে জড়িত, মহান আল্লাহ তাদের অদৃশ্য থেকে সহায়তা করেন ও তাদের পার্থিব জীবনের সব কাজকে সহজ করে দেন। তিনি সূফী মিজানুর রহমানের কথা উল্লেখ করে বলেন, সূফী সাহেব সত্যিকারের নবী-অলি প্রেমিক এবং নিশ্চয় আল্লাহর প্রিয়ভাজন। নয়তো সব নেক কাজে তার শরিক হওয়ার সুযোগ সৃষ্টি হতো না। তিনি সূফী মিজানের দীর্ঘায়ু কামনা করেন।